টিউবওয়েলের মাথা খুলে নেওয়ার অভিযোগ অফিসারের বিরুদ্ধে

১৫ আগষ্ট কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে পানি খেতে যাওয়ায় টিউবওয়েলের হাতল খুলে রাখলেন গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা বিশ্বাস।

পরে আওয়ামীলীগ ও ছাত্রলীগের বিক্ষুব্ধ নেতা কর্মীরা ক্ষোভে টিউবওয়েলটি ভেঙ্গে দেয় বলে জানা গেছে।

গাংনী উপজেলা আওয়ামীলীগ আয়োজিত দোওয়া মোনাজাত ও কাঙালি ভোজ শেষে নেতা কর্মীরা আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলটিতে পানি পান করতে গেলে এঘটনা ঘটে।

আওয়ামীলীগ নেতা রেজাউল হক, ইজিবাইক চালক ছারমান আলী বলেন, আমরা কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলে আসলে আনসার সদস্যরা আমাদের সাথে চরম দূর্ব্যবহার করেন। এসময় তারা নানাভাবে অকাথ্য ভাষায় কথা বলে এক ইজিবাইক চালকের কাছ থেকে সেলাই র্যান্স নিয়ে টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রাখেন। এসময় পানি পান করার জন্য বিভিন্ন গ্রাম থেকে আসা আওয়ামীলীগের নেতা কর্মীরা ছুটে বেড়ান।

তেরাইল গ্রামের রমজান আলী, ছাতিয়ান গ্রামের আব্বাস আলী ও মতিয়ার রহমান বলেন, অনেকবার অনুরোধ করেও তারা পানি পান করতে দেননি।পরে আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস ও তার অফিসের লোকজনকে নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে চলে যান।

বিষয়টি অনুষ্ঠানস্থলে আসা আওয়ামীলীগ নেতা কর্মীদের মধ্যে ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ লোকজন টিউবওয়েলটি ভেঙ্গে দেন।

গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা বিশ্বাস বলেন, হাজার হাজার লোকজন ১৫ আগষ্টের কাঙালি ভোজ খেয়ে এসে অফিসের সামনে খাওয়ায় নোংরা হয়ে যায়। যে কারনে পানি খেতে দেওয়া হয়নি। হুসাইন নামের এক আনসার সদস্য টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রেখে দিয়েছে।পরে কে বা কারা এসে টিউবওয়েলটি ভেঙ্গে দিয়েছে।